খুলনায় অস্ত্রসহ এক চরমপন্থী নেতা গ্রেফতার

খুলনার ডুমুরিয়া থেকে লিটন বিশ্বাস ওরফে লিটন দেওয়ান (৩৩) নামে এক চরমপন্থীকে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। এ সময় তার কাছ থেকে বিদেশী নাইনএমএম পিস্তল ও ৩ রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে। মঙ্গলবার ভোর রাতে ডুমুরিয়া উপজেলার হাসানপুর খেয়াঘাট সংলগ্ন এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।
পুলিশ জানায়, ডুমুরিয়ার হাসানপুর এলাকার একটি ব্রীজে চেকপোস্ট বসিয়ে বিভিন্ন যান-বাহনে তল্লাসীকালে চরমপন্থী নেতা লিটনকে গ্রেফতার করা হয়। পরে তার দেহ তল্লাসী করে অস্ত্র ও গুলি উদ্ধার করা হয়।
জেলা ডিবির পরিদর্শক তোফায়েল আহমেদ বলেন, গ্রেফতারকৃত লিটন দীর্ঘদিন এলাকার বাইরে ছিল। ২০১৭ সালে শরনখোলা থানায় অস্ত্রসহ আত্মসমর্পন করে সে। পরে সরকারের বিশেষ সুবিধায় জেল থেকে বেরিয়ে স্বাভাবিক জীবনে না ফিরে বিভিন্ন অপকর্মে চালিয়ে আসছিল। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারকৃত লিটন মিকসিমিল গ্রামের আবুল কাশেম বিশ্বাসের ছেলে। তার বিরুদ্ধে বিভিন্ন থানায় অস্ত্র, চাদাঁবাজি ও হত্যাসহ ৫ টি মামলা রয়েছে।